সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৫. যখন মুকতাদীর সংখ্যা তিনজন হবে তখন তারা কিরূপে দাঁড়াবে?

باب إِذَا كَانُوا ثَلاَثَةً كَيْفَ يَقُومُونَ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ هَارُونَ بْنِ عَنْتَرَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الأَسْوَدِ، عَنْ أَبِيهِ، قَالَ اسْتَأْذَنَ عَلْقَمَةُ وَالأَسْوَدُ عَلَى عَبْدِ اللَّهِ وَقَدْ كُنَّا أَطَلْنَا الْقُعُودَ عَلَى بَابِهِ فَخَرَجَتِ الْجَارِيَةُ فَاسْتَأْذَنَتْ لَهُمَا فَأَذِنَ لَهُمَا ثُمَّ قَامَ فَصَلَّى بَيْنِي وَبَيْنَهُ ثُمَّ قَالَ هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَعَلَ ‏.‏

বাংলা

৬১৩. উছমান ইবনু আবূ শায়বা ..... আব্দুর রহমান ইবনুল-আসওয়াদ (রাঃ) থেকে তাঁর পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আলকামা ও আসওয়াদ (রহঃ) আবদুল্লাহ্ ইবনু মাসউদ (রাঃ) এর খেদমতে উপস্থিতির জন্য দরখাস্ত করেন। তাঁর খেদমতে প্রবেশর জন্য আমরা অনেকক্ষণ ধরে অপেক্ষা করছিলাম। এমতাবস্থায় জনৈক দাসী ঘর হতে বের হয়ে তাদেরকে দেখে (পুনরায় ঘরে প্রবেশ করত) তাদের জন্য অনুমতি চায়। তিনি উভয়কে তেতরে প্রবেশের অনুমতি দেন। অতঃপর তিনি (ইবনু মাসউদ) আমার ও আলকামার মাঝখানে দাঁড়িয়ে নামায আদায় করেন। অতঃপর তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরূপ করতে দেখেছি। (নাসাঈ)।

English

Narrated Abdullah ibn Mas'ud:

Alqamah and al-Aswad sought permission from Abdullah (ibn Mas'ud) for admission, and we remained sitting at his door for a long time. A slave-girl came out and gave them permission (to enter). He (Ibn Mas'ud) then got up and prayed (standing) between me (al-Aswad) and him (Alqamah). He then said: I witnessed the Messenger of Allah (ﷺ) doing similarly.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনুল আসওয়াদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17036

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন